প্রশ্নঃ ৩৯০. বিয়ের পর মসজিদে খেজুর ছিটিয়ে দেওয়ার বিধান জানতে চাই।

মসজিদে বিয়ে অনুষ্ঠানের পর মিষ্টি বিতরণ করা যেতে পারে। এমনকি ছিটিয়েও দেওয়া যায়। কিন্তু খেয়াল রাখতে হবে মসজিদের আদব যেন ক্ষুন্ন না হয়। নতুবা ছিটিয়ে না দিয়ে হাতে হাতে দেওয়াই উত্তম।

হযরত হাসান বসরী রাহ. এবং হযরত শা'বী রাহ. বিয়ের আকদের মজলিসে খেজুর বা মিষ্টান্ন জাতীয় জিনিস ছিটানোর অনুমতি দিতেন। (মুসান্নাফ ইবনে আবী শাইবা ১১/৯৮-১০০)

অনলাইনে দেখার জন্য স্ক্যান করুন: